# সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়

সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।

**EIIN No: 136753, School Code:1611, Thana Code:132, District Code:12**

**Website: www.scbbhs.edu.bd E-mail: scbbhs1988@gmail.com**

---

**নং- ০৬.০৮.২০২৩-০৮** **তারিখ ঃ ০৬ আগস্ট, ২০২৩ খ্রিঃ**

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিদ্যালয়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দের দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ১৯৭৯ খ্রিঃ প্রতিষ্ঠিত সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়টি অত্র এলাকার একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। অত্র বিদ্যালয় সামরিক, প্রতিরক্ষাখাতভূক্ত কর্মকর্তা/কর্মচারী ও চ্যাপ্টার্ড এলাকার বেসামরিক শিক্ষার্থীদের শিক্ষা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বর্তমান পরিচালনা পর্ষদের সার্বিক তত্ত্বাবধানে এবং দিক নির্দেশনায় প্রতিষ্ঠানটি উত্তরোত্তর উন্নতি সাধন করছে। ২০২৩ সালের এস.এস.সি পরীক্ষায় ১০০% শিক্ষার্থী পাশসহ ৪২ জন শিক্ষার্থী GPA-5 লাভ করে। ২০২২ সালে অনুষ্ঠিত এস.এস.সি পরীক্ষায় ১ জন শিক্ষার্থী টেলেন্টপুলে মেধাবৃত্তি অর্জনসহ ২২ জন শিক্ষার্থী বৃত্তি অর্জন করেছে। ৫ম শ্রেণির ১৬ জন শিক্ষার্থী টেলেন্টপুলে বৃত্তি অর্জন করেছে।

কিন্তু ইদানিং লক্ষ করা যাচ্ছে যে, বিদ্যালয়ের কতিপয় শিক্ষার্থী সহপাঠীদের সাথে মারামারি, স্কুল পালানো, লেখাপড়ায় অমনোযোগি, অনিয়মিত উপস্থিতি, উচ্ছৃঙ্খল আচরণ, অসৌজন্যমূলক আচরণ, অন্যান্য শিক্ষার্থীর সাথে অশ্লীল কথাবার্তাসহ বিভিন্ন সামাজিক অপরাধের সাথে জড়িয়ে পড়ছে। শিক্ষার্থীদের মানসিক বিকাশে পারিবারিক সচেতনতা ও মূল্যবোধের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। অভিভাবকদের স্ব-স্ব সন্তানের প্রতি নিবিড় পর্যবেক্ষণসহ তাদের আচরণ ও চলাফেরার প্রতি খেয়াল রাখা প্রয়োজন। অভিভাবকদের তাদের সন্তানদের নীতি-নৈতিকতা বৃদ্ধির লক্ষ্যে পারিবারিক সচেতনতা ও সহযোগিতা একান্ত কাম্য। এ বিষয়ে সহযোগিতা করার জন্য বিদ্যালয়ের পক্ষ থেকে অভিভাবকদের প্রতি বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ রোমেল)
**প্রধান শিক্ষক**
সাভার ক্যান্টনমেন্ট বোর্ড বালক উচ্চ বিদ্যালয়
সাভার ক্যান্টনমেন্ট, সাভার, ঢাকা।